

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
প্রোজেক্ট এন্ড সোস্যাল সার্ভিসেস ডিভিশন
www.bim.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০১৩.৩৩.০০৬.১৯.২

তারিখ: ২৩ পৌষ ১৪২৬

০৭ জানুয়ারি ২০২০

বিষয়: আগামী ২৪ - ২৫ জানুয়ারি, ২০২০ইং তারিখ মেয়াদে সকাল ০৯:০০টা - বিকাল ০৫:০০টা পর্যন্ত
২ দিনব্যাপী “Cyber Security Awareness Training (16th Batch)”
শীর্ষক কোর্সের মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানে ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন সেবাসমূহ, মোবাইল ফোন ইত্যাদি তথ্য-
যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বাড়ার সাথে সাথে তথ্যের নিরাপত্তার বিষয়টি এখন সর্বাধিক গুরুত্ব পাচ্ছে। দেখা যাচ্ছে যে, অধিকাংশ
তথ্য প্রযুক্তি ব্যবহারকারীদের সাইবার নিরাপত্তা বিষয়ে সাধারণ কিছু ধারণা না থাকায়, নিজের অজান্তেই ব্যক্তিগত ও দাপ্তরিক
মূল্যবান/প্রয়োজনীয় তথ্যসমূহ নিরাপত্তা ঝুঁকিতে ফেলে দেয়। প্রায়শঃই আমাদের আশে পাশে দেখা যায় তথ্য-প্রযুক্তির অপব্যবহার
করে দেশ/বিদেশ হতে অসামাজিক, অনৈতিক ও সন্ত্রাসী কর্মকান্ড পরিচালিত হচ্ছে। ফলে তথ্য-প্রযুক্তির প্রসারের সাথে সাথে এর
মাধ্যমে অপরাধ প্রবনতাও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সমসাময়িক ধারণা প্রদানের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব
ম্যানেজমেন্ট (বিআইএম) ঢাকা ক্যাম্পাসে আগামী ২৪ - ২৫ জানুয়ারি, ২০২০ইং তারিখ মেয়াদে সকাল ০৯:০০টা - বিকাল
০৫:০০টা পর্যন্ত ২ দিনব্যাপী “Cyber Security Awareness Training (16th Batch)” শীর্ষক
প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। কোর্স ফি নীট ৮,০০০/-টাকা (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) যা মহাপরিচালক, বিআইএম ঢাকা বরাবরে
ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাঙ্ক ড্রাফট-এর মাধ্যমে পরিশোধ করতে হবে। বিস্তারিত কোর্স ব্রশিয়র সংযুক্ত।

উপরোক্ত কোর্সে আপনাদের মন্ত্রণালয়/দপ্তর/প্রতিষ্ঠান হতে তথ্য-প্রযুক্তি ব্যবহারকারীগণকে মনোনয়ন প্রদানের জন্য সর্বিনয়ে
অনুরোধ করা হলো। উক্ত কোর্সের মনোনীত অংশগ্রহণকারীগণের মোবাইল নম্বর ও ইমেইলসহ তালিকা প্রদান করলে অনলাইন
রেজিস্ট্রেশনসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।



৭-১-২০২০

এস এম আরিফুল ইসলাম
উর্দ্ধতন ব্যবস্থাপনা উপদেষ্টা

সিনিয়র সচিব/সচিব (সকল)